ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

<u>স-৩০৯২</u>

আগরতলা, ৩০ সেপ্টেম্বর, ২০২৫

**প্রকাশিত সংবাদের প্রতিবাদ ও প্রকৃত তথ্য**

গত ২৪ শে সেপ্টেম্বর ২০২৫ তারিখে স্থানীয় স্যন্দন পত্রিকায় প্রকাশিত ‘নেই রেগা টুয়েপের কাজ দিশেহারা কর্মহীন মানুষ’ শীর্ষক সংবাদটি এবং ২৮শে সেপ্টেম্বর ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত ‘উৎসবের আনন্দ ম্লান গ্রাম-পাহাড়ে, শহরে নেতারা ব্যস্ত পুজো উদ্বোধনে’ শীর্ষক সংবাদ, রাজ্যের গ্রামোন্নয়ন দপ্তরের দৃষ্টি আকর্ষণ করেছে। উক্ত সংবাদসমূহকে সঙ্গে সঙ্গে গভীরভাবে বিশ্লিষণ করা হয়। বিশ্লেষণের ভিত্তিতে দপ্তর মনে করছে যে সংবাদসমূহ বিভ্রান্তিকর এবং তাতে বহু ভ্রান্ত তথ্য উপস্থাপিত হয়েছে।

এই প্রেক্ষিতে দপ্তরের পক্ষ থেকে প্রদত্ত স্পষ্টিকরণ নিম্নরূপ ঃ-

এমজিএন রেগা একটি চাহিদা ভিত্তিক প্রকল্প যেখানে কাজ চাওয়ার ১৫ দিনের মধ্যে কাজ প্রদান করার বিধান রয়েছে এবং রাজ্যেও তা প্রদান করা হয়ে থাকে। গত ২০২৪-২৫ অর্থবছরে রাজ্যে মোট বাজেট বরাদ্দ ছিল ৩ কোটি শ্রম দিবস কিন্তু রাজ্যে ৩ কোটি ৫৩ লক্ষ শ্রম দিবস সৃষ্টি করেছে। রাজ্যে গড়ে ৬০ দিন কাজ হয়েছে যেখানে জাতীয় গড় শ্রমদিবস ছিল মাত্র ৫০ দিন। দেশের মধ্যে গড় শ্রমদিবসের দিক দিয়ে রাজ্যের স্থান গত অর্থ বছরে ছিল সপ্তম। বর্তমান অর্থ বৎসরে কেন্দ্রীয় সরকার রাজ্যের জন্য প্রাথমিক ভাবে ৩ কোটি ৫০ লক্ষ শ্রমদিবস বরাদ্দ করেছে যা পরবর্তী সময়ে পুনর্বিবেচনার মাধ্যমে আরো বৃদ্ধি করা হতে পারে। বর্তমান অর্থ বৎসরে ২৯ সেপ্টেম্বর ২০২৫ অব্দি রাজ্যে ১ কোটি ৭১ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে যেখানে শ্রমিকরা চাহিদার ভিত্তিতে গড়ে ৩১ দিন করে কাজ পেয়েছেন। এমজিএন রেগা তে বর্তমান অর্থ বছরে ২৯ সেপ্টেম্বর ২০২৫ অব্দি কেন্দ্রীয় সরকারের কাছ থেকে মঞ্জুরি বাবদ ৫৪৮ কোটি ১৮ লক্ষ টাকা রাজ্য পেয়েছে, যার মধ্যে মঞ্জুরি বাবদ প্রদান করা হয়েছে ৫০৫ কোটি ৮৩ লক্ষ টাকা। এই অর্থবছরে রাজ্যে কোন রকম অর্থ সংকট রেগা প্রকল্পে অদ্যাবধি নেই।

খোয়াই জেলার পরিপ্রেক্ষিতে, ২৯ সেপ্টেম্বর ২০২৫ অব্দি এই জেলায় গড়ে ৩৩ দিন কাজ হয়েছে, যেখানে জাতীয় গড় শ্রমদিবস মাত্র ৩১ দিন।

বর্তমান অর্থবছরে খোয়াই জেলায় কাজের চাহিদা অনুযায়ী মঞ্জুরী বাবদ শ্রমিকদের প্রদান করা হয়েছে ৪৯ কোটি ৯ লক্ষ টাকা। তাই এটা সহজেই অনুমেয় যে রাজ্যে এমজিএন রেগা প্রকল্প বাস্তবায়নে কোনো প্রকার ঘাটতি নেই।

*****